

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ১৮৩

বিশালগড়, ১২ এপ্রিল, ২০২৫

২৪ এপ্রিল থেকে ৬ দিনব্যাপী বিশালগড় বৈশাখী মেলা

ঐতিহ্যবাহী বিশালগড় বৈশাখী মেলা উদযাপন উপলক্ষে গতকাল এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন বিধায়ক সুশান্ত দেব। সভায় সিদ্ধান্ত হয় আগামী ২৪ এপ্রিল থেকে ২৯ এপ্রিল পর্যন্ত ৬ দিনব্যাপী বৈশাখী মেলা আয়োজিত হবে বিশালগড় এগ্রি মার্কেট প্রাঙ্গণে। ৬ দিনব্যাপী অনুষ্ঠানে ক্ষুদ্র ও মাঝারি ব্যবসায়ীদের মোট ৩০টি স্টল থাকবে। স্থানীয় শিল্পীদের দ্বারা প্রতিদিন পরিবেশিত হবে সাংস্কৃতিক অনুষ্ঠান। বিধায়ক শ্রী দেব সুষ্ঠু, সুন্দর ও সুশৃঙ্খলভাবে ৬ দিনব্যাপী মেলাকে সার্থক করে তোলার জন্য সকলের সহযোগিতা কামনা করেন। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন বিশালগড় মহকুমা কৃষি তত্ত্বাবধায়ক হিমানিশ লস্কর, মহকুমা পুলিশ আধিকারিক দুলাল দত্ত, ডিসিএম প্রসেনজিৎ দাস সহ পানীয়জল, বিদ্যুৎ, অগ্নি নির্বাপক, স্বাস্থ্য সহ বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ। বিশালগড় মহকুমা কৃষি তত্ত্বাবধায়কের কার্যালয়ে এই সভা অনুষ্ঠিত হয়।
